SMC News
A Quaterly Publication
এসএমসি নিউজ
একটি ত্রৈমাসিক প্রকাশনা

Issue: 42
July - September 2022
সংখ্যা: ৪২
জুলাই - সেপ্টেম্বর ২০২২

SMC
Live better

## সিলেট জেলায় ইউএসএআইডি প্রতিনিধিগণের মাঠ কার্যক্রম পরিদর্শন

ইউএসএআইডি বাংলাদেশের জনসংখ্যা, স্বাস্থ্য, পুষ্টি ও শিক্ষা (OPHNE) অফিসের ডেপুটি অফিস ডিরেক্টর মিসেস মিরান্ডা বেকম্যানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ২১-২৩ আগস্ট, ২০২২ তারিখে সিলেট জেলায় এসএমসি'র কার্যক্রম পরিদর্শন করেন। প্রতিনিধিদলের সদস্যরা সিলেটের দক্ষিণ সুরমা উপজেলার মোগলা বাজারে অবস্থিত ব্লু-স্টার কেন্দ্র (লুনা রুনা ফার্মেসি) এবং গোলাপগঞ্জ উপজেলায় কমিউনিটি মোবিলাইজেশন কার্যক্রম পরিদর্শন করেন। এসএমসি'র এডিশনাল জেনারেল ম্যানেজার, ট্রেনিং অ্যান্ড সার্ভিস ডেলিভারি, ডাঃ সালাহ উদ্দিন আহমেদ এবং হেড অব বিহেভিয়ার চেইঞ্জ কমিউনিকেশন, মোহাম্মদ মহিউদ্দিন আহমেদ পরিদর্শনকালে প্রতিনিধিদলের সাথে ছিলেন। জনস্বাস্থ্য পণ্যের চাহিদা বৃদ্ধি ও বিক্রয়ের ক্ষেত্রে গোল্ড স্টার নেটওয়ার্কের আওতাভুক্ত গ্রামীণ মহিলা উদ্যোক্তাদের অসামান্য অবদান দেখে প্রতিনিধি দলের সদস্যগণ অভিভূত হন। তারা সিলেট অঞ্চলের বন্যা দুর্গত এলাকাও পরিদর্শন করেন। এসএমসি ও ইউএসএআইডি কর্তৃক প্রদানকৃত সাহায্যপ্রাপ্ত গোল্ড স্টার সদস্য এবং সাধারণ জনগণের সাথে আলোচনা করেন। তারা ভবিষ্যতে যেকোনো ধরণের প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় ইউএসএআইডি সমর্থিত প্রোগ্রামসমূহের মধ্যে সমন্বয় সাধন এবং ভবিষ্যৎ সহযোগিতা জোরদার করার পরামর্শ দেন।



প্রতিনিধিগণ সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার ফুলবাড়ী ইউনিয়নের আজিরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসায় অনুষ্ঠিত কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সেশন পর্যবেক্ষণ করেন। শিক্ষক এবং কিশোর- কিশোরীদের সঙ্গে তাদের একটি কার্যকর ও ফলপ্রসূ আলোচনাপর্ব অনুষ্ঠিত হয়। পরিশেষে, ইউএসএআইডি স্বাস্থ্য সেশনগুলোর কার্যকরী পর্যবেক্ষণ ও মূল্যায়ন করার পরামর্শ দেন। গোলাপগঞ্জের চকরিয়া বাজার এলাকায় প্রজনন বয়সী বিবাহিত নারী (MWRA)-দের সাথে অনুষ্ঠিত একটি সেশনেও তারা অংশগ্রহণ করেন। প্রতিনিধিগণ সিলেট জেলার আওতাধীন এসএমসি'র ব্লু-স্টার, গোল্ড স্টার এবং কমিউনিটি মোবিলাইজেশনের সার্বিক কর্মকান্ড দেখে অত্যন্ত সন্তুষ্ট হন।

ইউএসএআইডি'র প্রতিনিধি দলের মধ্যে ছিলেন স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং এসএমসি'র এওআর (AOR) ডাঃ ফিদা মেহরান, স্বাস্থ্য বিশেষজ্ঞ ও মামনি প্রকল্পের এওআর (AOR) মিস ফারহানা আক্তার, যোগাযোগ উপদেষ্টা মিসেস কেলি লিঞ্চ, অধিগ্রহণ ও সহায়তা বিশেষজ্ঞ মিস জান্নাতুল ফারজানা এবং অর্থনৈতিক বিশ্লেষক মিস কাজী তাহমিনা হক।

## Visit of USAID Delegates in Sylhet

A delegation of the United States Agency for International Development (USAID)/Bangladesh led by Ms. Miranda Beckman, Deputy Office Director, Office of Population, Health, Nutrition and Education (OPHNE) visited SMC's program activities in Sylhet area during August 21-23, 2022. The members of the delegation visited the Blue Star outlet "Luna Runa Pharmacy" at Mogla Bazaar, Dakkhin Surma, Sylhet and community mobilization activities in Golapganj, Sylhet. On behalf of SMC, Dr. Salah Uddin Ahmed, Additional GM, Training and Service Delivery and Mohammad Mohiuddin Ahmed, Head of BCC joined the delegation during their visit.

The team became highly amazed to know the contribution of Gold Star Network (women entrepreneurs) in the country in terms of creating demand and sales of public health products at the household level. They also visited the recently flood affected areas of Sylhet region where SMC donated relief to the Gold Star Members (GSMs) and the community people of the flood affected area with the support of USAID. The USAID team had discussion with the relief beneficiaries. The team also suggested to strengthen future collaboration and coordination with the USAID supported programs for combating any sort of natural disaster in future together. The team observed adolescent health session at Fulbari Aziria Fazil (Degree) Madrasah, Golapgonj, Sylhet. They had a very effective discussion with teachers and adolescents. Finally, USAID suggested to assess the adolescent sessions for further improvement. They also observed one session with Married Women of Reproductive Age (MWRA) in Chokriya Bazar, Golapgonj, Sylhet. The delegates were highly satisfied to see the overall activities and performances of the Blue Star, Gold Star and Community Mobilization activities of SMC in Sylhet area.

The USAID team include Dr. Fida Mehran, Heath Specialist and AOR of SMC, Ms. Farhana Akhter, Health Specialist, AOR of Mamoni, Ms. Kelley Lynch, Communication Advisor, Ms. Jannatul Farjana, Acquisition and Assistance Specialist and Ms. Kazi Tahmina Haque, Financial Analyst.

## এসএমসি'র নতুন ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা

সোশ্যাল মার্কেটিং কোম্পানি'র (এসএমসি) ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে (জানুয়ারি ১, ২০২৩ হতে কার্যকর) নিয়োগ পেয়েছেন জনাব তছলিম উদ্দিন খান। একজন জনস্বাস্থ্যবিদ হিসেবে তিনি দেশে ও বিদেশে বহুল পরিচিত।

জনস্বাস্থ্য কর্মসূচির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে জনাব খানের ৩২ বছরেরও বেশি অভিজ্ঞতা রয়েছে। তিনি ২০০২ সালের আগস্ট মাসে এসএমসি-তে যোগদানের পর থেকে কোম্পানির অভিষ্ঠ লক্ষ্যকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নিজেকে নিয়োজিত রেখেছেন। তার নেতৃত্বে এসএমসি'র জনস্বাস্থ্য কার্যক্রম নতুন উচ্চতায় পৌঁছেছে। এ দায়িত্ব গ্রহণের আগে তিনি এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে কর্মরত ছিলেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণে স্নাতকোত্তর ও মার্কেটিং বিভাগে এমবিএ সম্পন্ন করেছেন। এছাড়াও তিনি যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব এক্সেটার থেকে ফ্যামিলি প্ল্যানিং প্রোগ্রাম ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তার একাধিক প্রকাশনা রয়েছে এবং তিনি জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সম্মেলনে প্রবন্ধ উপস্থাপন করেছেন।



## New Managing Director & CEO of SMC

Mr. Toslim Uddin Khan has been appointed as the new Managing Director & Chief Executive Officer of Social Marketing Company (SMC) effective from January 1, 2023. Mr. Khan is a prominent public health professional, widely known in home and abroad.

Mr. Khan has more than 32 years of experience in designing, implementing and evaluating public health programs. He joined SMC in August 2002 and since then he has devoted himself to carry forward the mission of the Company. Under his leadership, the Public Health Programs of SMC has reached at new heights. Prior to assuming this responsibility, he worked as the Deputy Managing Director of the Company.

A graduate from the University of Dhaka, he completed Masters in Social Welfare as well as MBA in Marketing from the same university. He also obtained Masters in Family Planning Program Management from the University of Exeter, United Kingdom. He has several publications and presented papers at different national and international conferences.

## বস্তি এলাকায় এলএপিএম সেবা বিষয়ক প্রচারণা

বস্তি এলাকায় জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থাপনায় দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি (এলএপিএম) ব্যবহারের হার তুলনামূলকভাবে কম। গ্রামাঞ্চলের স্বাস্থ্যসেবার সুযোগ শহরের বস্তি এলাকার তুলনায় অনেকাংশে ভালো। এসএমসি ২০২২ সালের জানুয়ারী থেকে মিরপুরের দারুসসালাম এলাকার স্বল্প আয়ের জনগোষ্ঠীর মাঝে বিশেষ করে প্রজনন বয়সী বিবাহিত নারীদের মাঝে এলএপিএম সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা কার্যক্রম পরিচালনা করছে। ক্যাম্পেইনের মূল উদ্দেশ্য হলো সম্ভাব্য এলএপিএম ব্যবহারকারীদের মাঝে সচেতনতা বৃদ্ধি এবং সরকারি ও বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর সাথে শক্তিশালী রেফারেল সংযোগ স্থাপন করা। প্রচারণার মূল কর্মসূচির মধ্যে রয়েছে সম্ভাব্য এলএপিএম গ্রহীতাদের সাথে দলীয় আলোচনা, আন্তঃব্যক্তিক যোগাযোগ (আইপিসি) এবং স্থানীয় পর্যায়ের গন্যমান্য ব্যক্তিবর্গ ও অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে অ্যাডভোকেসি মিটিং-এর আয়োজন করা। সম্ভাব্য এলএপিএম গ্রহীতাদের মাঝে সচেতনতা সৃষ্টি এবং এলএপিএম সেবা গ্রহণে নিকটতম সরকারি, বেসরকারি ও এসএমসি'র স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে রেফার করার জন্য চারজন কমিউনিটি মোবিলাইজার এবং একজন কমিউনিটি মোবিলাইজেশন অফিসার নিযুক্ত রয়েছেন। কমিউনিটি মোবিলাইজারগণ ৪৫টি উঠান বৈঠকের মাধ্যমে ৩৫০ জন প্রজনন বয়সী বিবাহিত নারী এবং সাতটি অ্যাডভোকেসি মিটিং এর মাধ্যমে ২২৭ জন সমাজের গন্যমান্য ব্যক্তিবর্গের কাছে এলএপিএম সেবা সম্পর্কিত বার্তা প্রচার করে। এই রিপোর্টিং সময়ের মধ্যে (জানুয়ারি-সেপ্টেম্বর, ২০২২) মোট ২২৫ জন গ্রাহককে এসএমসি ক্লিনিক ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে রেফার করা হয় এবং তাদের মধ্যে ২০০ জন গ্রাহক এলএপিএম পদ্ধতি গ্রহণ করেন (আই-প্ল্যান্ট-১৭৮, আইইউডি-৩, পুরুষ বন্ধ্যাকরণ- ১৯)।



## Campaign on LAPM Services in the Slum

The use of Long-acting and Permanent Method (LAPM) is comparatively lower in slum areas. The health service delivery is comparatively better in rural areas than that of the city slum areas. Therefore, SMC is implementing awareness raising campaign on LAPM targeting low-income population especially Married Women of Reproductive Age (MWRA) near Darussalam, Mirpur area since January 2022. The main objective of the campaign is to increase awareness among the potential users of LAPM and establish strong referral linkages with the nearby government and NGO health facilities. The key activities of the campaign include organizing group sessions and interpersonal communication (IPC) with the potential LAPM clients and organize advocacy meetings with local influential and other stakeholders. Four Community Mobilizers and one Community Mobilization Officer have been engaged for awareness creation and referral of potential LAPM clients to the nearest service delivery centers of GOB, NGOs and SMC. The Community Mobilizers reached 350 women through 45 courtyard sessions and 227 influential individuals of the community through seven advocacy meetings. A total of 225 clients were referred to SMC Clinic and nearest service delivery centers. Of them, 200 clients received LAPM services (i-plant-178, IUD-3, NSV-19) during January to September, 2022.

## ফ্যাক্টরি পরিদর্শনে এসএমসি’র বোর্ড এবং ম্যানেজমেন্ট কর্মকর্তাবৃন্দ

এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম, বোর্ডের পরিচালকবৃন্দ এবং কোম্পানির উর্ধ্বতন ব্যবস্থাপকবৃন্দ বিগত ১৬ অক্টোবর, ২০২২ তারিখে দ্রুত চলমান ভোগ্যপণ্য (FMCG) ফ্যাক্টরি নির্মাণের অগ্রগতি পর্যবেক্ষণ করতে ভবানীপুর পরিদর্শন করেন। এসএমসি ও এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মোহাম্মদ আলী এবং ইঞ্জিনিয়ার মোঃ সিদ্দিক উল্লাহ, এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী, এসএমসি বোর্ডের পরিচালক ডাঃ ইয়াসমিন এইচ আহমেদ ও প্রফেসর ডাঃ ফারহানা দেওয়ান চেয়ারম্যান মহোদয়ের সাথে কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে বোর্ড পরিচালকবৃন্দের সাথে ছিলেন এসএমসি'র এমডি ও সিইও জনাব তছলিম উদ্দিন খান, এসএমসি ইএল-এর এমডি জনাব আব্দুল হক ও প্রধান প্রকৌশলী জনাব মাসুম আহমেদ জায়গীরদার। প্রকল্পের নির্মাণ ও অগ্রগতি সম্পর্কে প্রধান প্রকৌশলী একটি সংক্ষিপ্ত উপস্থাপনা সকলের কাছে পেশ করেন।



পরবর্তীতে, মাননীয় চেয়ারম্যান ও বোর্ডের পরিচালকবৃন্দ ভালুকায় এসএমসি'র ওআরএস ফ্যাক্টরি পরিদর্শনে যান এবং মনিমিক্সের নতুন উৎপাদন সুবিধা, গুণমান নিশ্চিতকরণ (QC) ইউনিট, মাইক্রো-বায়োলজিক্যাল ল্যাব এবং জৈবিক উৎপাদন সুবিধাগুলো পর্যবেক্ষণ করেন। জনাব ইসলাম পরবর্তী সপ্তাহে (২২ অক্টোবর, ২০২২) বিদ্যমান এবং নতুন উৎপাদন সুবিধাগুলো পর্যবেক্ষণ করতে কুমিল্লায় অবস্থিত এসএমসি'র হেলথ এন্ড হাইজিন (H&H) ফ্যাক্টরি পরিদর্শন করেন। পরিদর্শনকালে তার সাথে ছিলেন এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মোহাম্মদ আলী, জনাব মোঃ সিদ্দিক উল্লাহ এবং ডাঃ জহির উদ্দিন আহমেদ। তারা ফ্যাক্টরির আভ্যন্তরীন মান নিয়ন্ত্রণ পরীক্ষাগার, গুদাম, নবনির্মিত চিকিৎসা কেন্দ্র, শিশু পরিচর্যা ও অন্যান্য সুযোগ-সুবিধা পরিদর্শন করেন। হেলথ এন্ড হাইজিন (H&H) ফ্যাক্টরির অতিরিক্ত মহাব্যবস্থাপক জনাব ওহিদুজ্জামান খান কারখানার সার্বিক ব্যবস্থাপনা ও অগ্রগতি নিয়ে একটি উপস্থাপনা পেশ করেন। তারা কুমিল্লা এরিয়া অফিস এবং এসএমসি ক্লিনিক প্রতিষ্ঠার জন্য নতুন ক্রয়কৃত ৮০ ডেসিমেল জমি পরিদর্শন করেন। এসএমসি'র এমডি ও সিইও জনাব তছলিম উদ্দিন খান, এসএমসি ইএল-এর এমডি জনাব আব্দুল হক এবং অন্যান্য উর্ধ্বতন ব্যবস্থাপকবৃন্দও পরিদর্শনকালে তাদের সাথে ছিলেন। জনাব ইসলাম এবং অন্যান্য পরিচালকগণ অত্যাধুনিক উৎপাদন সুবিধার গুনগত মান এবং নির্মাণ অগ্রগতির প্রশংসা করেন।

## Visit to the Manufacturing Facilities by Board and SMC Management

Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC and SMC EL along with Board Directors and senior management visited Bhabanipur to see the progress of construction work of the Fast-Moving Consumer Goods (FMCG) Factory on October 15, 2022. Mr. Muhammed Ali, Director of SMC and SMC EL Board, Engineer Md. Siddique Ullah, Director of SMC and SMC EL Board, Mr. Siddiqur Rahman Choudhury, Director of SMC EL Board, Dr. Yasmin H Ahmed, Director of SMC Board and Professor Dr. Farhana Dewan, Director of SMC Board observed the progress of work along with the Chairman. Mr. Toslim Uddin Khan, MD & CEO and Mr. Abdul Haque, MD, SMC EL accompanied the Board Directors. Mr. Masum Ahmed Jaigirdar, Chief Engineer of SMC elaborated the project updates through a presentation. Later, the Chairman and the Board of Directors visited ORS Factory of SMC at Bhaluka and observed the new production facilities of MoniMix, quality assurance (QC) unit, micro-biological lab and biological production facilities.

Later on October 22, 2022, Mr. Islam visited the Health and Hygiene (H&H) Factory of SMC in Cumilla to observe the existing and new production facilities. Director of SMC and SMC EL Board, Mr. Muhammed Ali, Mr. Md. Siddique Ullah and Dr. Jahir Uddin Ahmed accompanied the Chairman during the visit. The team also visited the quality control laboratories, warehouse, newly constructed medical center, child care and other facilities at the factory premises. Mr. Ohiduzzaman Khan, Additional General Manager, Health and Hygiene Factory made a presentation depicting the overall updates of the Cumilla factory. They also visited the newly procured 80 decimal land that has been purchased to establish Cumilla Area Office and SMC Clinic. Mr. Toslim Uddin Khan, MD & CEO, Mr. Abdul Haque, MD of SMC EL and other senior officials of SMC and SMC EL also accompanied the dignitaries during their visit to Cumilla. Mr. Islam and other Directors appreciated the operational standard of the state-of-the-art manufacturing facilities and the construction progress as well.

## এসএমসি মনিমিক্স প্লাস খুদে বিজ্ঞানী প্রেরণা পদক-২০২২

দীপ্ত টিভি এবং এসএমসি প্রথমবারের মতো যৌথভাবে এসএমসি মনিমিক্স প্লাস খুদে বিজ্ঞানী প্রেরণা পদক ২০২২-এর আয়োজন করে। অনুষ্ঠানের মূল উদ্দেশ্য ছিল মনিমিক্স প্লাসকে আরও জনপ্রিয় করে তোলা এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যায় অসামান্য অবদানের জন্য শিক্ষার্থীদের স্বীকৃতি ও সম্মাননা প্রদান করা। এই বিজ্ঞান প্রকল্প প্রতিযোগিতায় সারাদেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা অংশ নেয়। দীপ্ত টিভি দেশব্যাপী ব্যাপকভাবে প্রতিযোগিতা অনুষ্ঠানটি প্রচার করে এবং প্রায় ৫০০টি প্রকল্প গ্রহণ করে।

## SMC MoniMix Plus Khude Biggyani Award 2022

SMC, in collaboration with Deepto TV organized ‘SMC MoniMix Plus Khude Biggyani Award 2022’. The aim of the event was to make MoniMix Plus more popular and acknowledge the students for their innovative science projects. The primary and secondary level students across the country participated in this science project competition. Deepto TV widely circulated the competition event throughout the country and received approximately 500 science projects. The colorful gala round of




উৎসবমুখর বর্ণাঢ্য পুরস্কার প্রদান অনুষ্ঠানটি গত ১ জুলাই, ২০২২ তারিখে ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত হয়। চূড়ান্ত জুরি বোর্ডের সদস্য শিক্ষাবিদ, লেখক ও কলামিস্ট ড. মোহাম্মদ কায়কোবাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোবোটিক্স অ্যান্ড মেকানিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক জনাব লাফিফা জামাল এবং মিডিয়া ব্যক্তিত্ব জনাব আবদুন নূর তুষার শীর্ষ ছয়টি প্রকল্প চূড়ান্ত করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে ছিলেন যথাক্রমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইয়াফেস ওসমান এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব আশরাফ আলী খান খসরু। এসএমসি'র তৎকালীন এমডি ও সিইও জনাব আলী রেজা খান এবং বর্তমান এমডি ও সিইও জনাব তছলিম উদ্দিন খান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবং বিজয়ীদের হাতে ক্রেস্ট, সনদপত্র ও পুরস্কারের অর্থ তুলে দেন। অনুষ্ঠানটি পরবর্তীতে দীপ্ত টিভিতে সরাসরি সম্প্রচার করা হয়।

the award program was held on July 1, 2022 at the Hotel Pan Pacific Sonargaon, Dhaka. The final Jury Board comprising Dr. Mohammad Kaykobad, renowned educationist, author and columnist, Ms. Lafifa Zamal, Professor, Department of Robotics and Mechanics Engineering, University of Dhaka and Mr. Abdun Noor Tushar, media personality finalized the top six projects.

Mr. Yafes Osman, Honorable Minister, Ministry of Science and Technology and Mr. Ashraf Ali Khan Khasru, Honorable State Minister, Ministry of Social Welfare were present in the occasion as the Chief Guest and Special Guest respectively. Mr. Ali Reza Khan, the then MD & CEO and Mr. Toslim Uddin Khan, MD & CEO (Acting) were present in the ceremony and handed over the crests, certificates and prize money to the winners. The event was broadcast live on Deepto TV. SMC has planned to organize this event every year to grow interest and engagement of students in the science innovations.

## এন্টারপ্রাইজ ক্যাম্পেইনের কমওয়ার্ড ২০২২ অর্জন

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল) দেশের সবচেয়ে বড় সৃজনশীল কমিউনিকেশন অ্যাওয়ার্ড কমওয়ার্ড (COMMWARD) ২০২২-এর ১১তম আসরে ৮টি মর্যাদাপূর্ণ পুরস্কার অর্জন করেছে । অ্যাওয়ার্ড অনুষ্ঠানটি ১৩ আগস্ট, ২০২২ তারিখে ঢাকার শেরাটন হোটেলের গ্র্যান্ড বলরুমে অনুষ্ঠিত হয়। জনগণের মাঝে এসএমসি'র ব্র্যান্ড সম্পর্কে ইতিবাচক প্রভাব সৃষ্টির কারণে প্রাপ্ত এই পুরস্কার ছিল এসএমসি ইএল-এর জন্য একটি বিশাল সম্মান। এসএমসি ইএল কমওয়ার্ড ২০২২-এ ৩টি রৌপ্য এবং ৫টি ব্রোঞ্জ পুরস্কার অর্জন করে। ১ জুলাই, ২০২১ থেকে ৩১ মে, ২০২২ পর্যন্ত বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্মে প্রচারিত সকল ক্যাম্পেইনসমূহ এই কমওয়ার্ডের অধীনে বিবেচিত হয়। এই বছর, 'জয়া', 'এসএমসি প্লাস' এবং 'সেনসেশন' ক্যাম্পেইনগুলো ১,৩৩১টিরও বেশি মনোনয়ন থেকে সফলভাবে ৮টি পুরষ্কার অর্জন করে।

## Enterprise Campaigns Received COMMWARD 2022

SMC EL won 8 prestigious awards at the 11th edition of the largest celebration of creative communication COMMWARD in the country. The auspicious event was held on August 13, 2022 at the grand ballroom of Hotel Sheraton Dhaka. It has been an immense honor for SMC EL to receive COMMWARD 2022 due to rolling out the impact-driven campaigns. SMC EL received 3 Silvers and 5 Bronzes category awards in COMMWARD 2022. All campaigns were launched and run during the period of July 1, 2021 to May 31, 2022. This year, Joya, SMC Plus and Sensation campaigns seized 8 awards successfully from more than 1,331 nominations.

## ছত্রাক সংক্রমণ চিকিৎসায় ফাঞ্জিক্যাপ নিয়ে এলো এসএমসি ফার্মা

বর্তমানে পরিবেশ বিপর্যয়ের কারণে ছত্রাকের সংক্রমণ বাড়ছে। এসএমসি এন্টারপ্রাইজের ফার্মাসিউটিক্যাল ডিভিশন সম্প্রতি 'সর্বোচ্চ কার্যকারিতায় চমৎকার গুণমান' স্লোগানের সাথে 'ফাঞ্জিক্যাপ' ব্র্যান্ডেড ফ্লুকোনাজল ৫০এমজি এবং ১৫০এমজি ক্যাপসুল চালু করে। ব্র্যান্ডটি সাশ্রয়ী মূল্যের কারণে সম্ভাব্য গ্রাহকদের আকর্ষণ করবে এবং বাজারের বর্ধিত চাহিদা মেটাতেও সক্ষম হবে। এই ওষুধটি বিভিন্ন ধরনের ছত্রাক সংক্রমণ নিরাময়ে প্রেসক্রাইব করা হয় যেমন টিনিয়া করপোরিস (Tinea Corporis), টিনিয়া পেডিস (Tinea Pedis), টিনিয়া ক্রুরিস (Tinea Cruris), পিটিরিয়াসিস ভার্সিকলার (Pityriasis Versicolor), অনাইকোমাইকোসিস (Onychomycosis), অরোফ্যারিঞ্জিয়াল ক্যান্ডিডিয়াসিস (Oropharyngeal Candidiasis), ভ্যাজাইনাল ক্যানডিডিয়াসিস (Vaginal Candidiasis) এবং ক্যানডিডা (Candida) দ্বারা সৃষ্ট মূত্রনালীর সংক্রমণ।




## SMC Pharma Launched Fungicap to Treat Fungal Infection

Recently, the fungal infection is increasing due to faster environmental degradation. The Pharmaceutical Division of SMC EL has launched Fluconazole 50 mg and 150 mg capsule branded as Fungicap with the slogan "Excellent quality for maximum efficacy". The brand will help to create demand and attraction of clients due to its affordable price. This medication is indicated for different types of fungal infections like Tinea Corporis, Tinea Pedis, Tinea Cruris, Pityriasis Versicolor, Onychomycosis, Oropharyngeal Candidiasis, Vaginal Candidiasis etc. as well as Urinary Tract Infections caused by Candida.

## বিপণন দক্ষতা বৃদ্ধি কর্মশালা



ইউএসএআইডি-এর আর্থিক সহযোগিতায় মার্কেটিং ইনোভেশন ফর সাসটেইনেবল হেলথ ডেভেলপমেন্ট (এমআইএসএইচডি) প্রকল্পের কৌশলগত অংশীদার পপুলেশন সার্ভিসেস ইন্টারন্যাশনাল (পিএসআই) বিপণন দক্ষতা শক্তিশালী করা, সামাজিক যোগাযোগ মাধ্যমের উন্নয়ন এবং তহবিল সংগ্রহের প্রস্তাবনা তৈরি ইত্যাদি বিষয়ে সহায়তা প্রদান করে থাকে। কৌশলগত সম্পৃক্ততার অংশ হিসেবে, পিএসআই সংশ্লিষ্ট প্রোগ্রাম কর্মীদের জন্য চার দিনের একটি প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করে। কর্মশালার লক্ষ্য ছিল আধুনিক বিপণন কৌশল এবং দক্ষতা বৃদ্ধি করা। প্রশিক্ষণটি ১২-১৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ সেশন পরিচালনার জন্য পিএসআই দুইজন আন্তর্জাতিক বিশেষজ্ঞ, জনাব ক্রিস্টোফার মন্টেগু হারম্যান এবং জনাব কানিমঙ্গলম রামকৃষ্ণ সুব্রহ্মণিকে দায়িত্ব দেয়। প্রশিক্ষণ অধিবেশনগুলো ছিল অংশগ্রহণমূলক এবং ইন্টারেক্টিভ যেখানে উন্মুক্ত আলোচনা, দলগত কাজ এবং পূর্ণাঙ্গ উপস্থাপনা সহ বিবিধ বিষয়ে আলোকপাত করা হয়। অংশগ্রহণকারীরা আধুনিক বিপণন পদ্ধতি এবং কৌশল বিষয়ে জ্ঞান ও দক্ষতা বিকাশের লক্ষ্যে এসএমসি'র সময়োপযোগী এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। ১৮ জন অংশগ্রহণকারী সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করেন। এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন এবং ভবিষ্যতে কর্মীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পিএসআই ও অন্যান্য সংস্থার যৌথ সহযোগিতায় এই ধরণের প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করার পরামর্শ দেন। তিনি বর্তমান বিপণন কৌশলগুলোকে আরো উপযোগী এবং কার্যকর করার লক্ষ্যে অংশগ্রহণকারীদের অভিজ্ঞতা ও দক্ষতা কাজে লাগিয়ে কৌশলগত নীতি ও পদ্ধতি সংশোধনের ওপর গুরুত্বারোপ করেন।

## Marketing Skills Building Workshop

Population Services International (PSI), an US based organization, is the technical partner of USAID supported Marketing Innovations for Sustainable Health Development (MISHD) project. As a part of strategic engagement, PSI conducted a four-day training for relevant program staff to improve their knowledge on modern marketing techniques and skills. The training was held at SMC Head Office during September 12-15, 2022.

PSI assigned two international technical experts, Mr. Christopher Montague Hermann and Mr. Kannimangalam Ramakrishnan Subrahmany to conduct the training sessions. The sessions were participatory and interactive with the provisions of open discussions, group works, plenary presentations and others. Participants highly appreciated the timely initiative of SMC for aiming to improve their knowledge on modern marketing approaches and techniques. All the 18 participants successfully completed the training and received certificates. Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC handed over the certificates among the participants and suggested to organize more capacity building trainings on different issues in future for the staff in collaboration with PSI and other organizations. He further emphasized on revising the current marketing strategies to make them more useful and actionable by utilizing their updated learnings.

## ব্লু-স্টার নেটওয়ার্কের অভিজ্ঞতা বিনিময় এবং কর্মদক্ষতা পর্যালোচনা সভা




এসএমসি প্রতিবছর বিভিন্ন জেলার ব্লু-স্টার সেবাপ্রদানকারীদের (বিএসপি) নিয়ে অভিজ্ঞতা বিনিময় এবং কর্মদক্ষতা পর্যালোচনা সভার আয়োজন করে থাকে। এই সভার উদ্দেশ্য হলো সর্বোত্তম অনুশীলন, অগ্রগতি, শিক্ষণীয় বিষয়, সেরা সেবাদানকারীদের স্বীকৃতি এবং ভবিষ্যতে প্রোগ্রাম কর্মকান্ডের উন্নয়নে ব্লু-স্টার সেবাপ্রদানকারীদের অভিমত, চিন্তাচেতনা এবং পরামর্শগুলোকে সমন্বিত করা। বিগত ২১-২২ আগস্ট, ২০২২ তারিখে কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ফরিদপুর, রাজবাড়ী, ঝিনাইদহ এবং মাগুরা জেলার মোট ৬২২জন বিএসপিদের নিয়ে কুষ্টিয়ায় দুটি সভা অনুষ্ঠিত হয়। সভায়, ২০জন বিএসপিকে তাদের অসাধারণ পারফরম্যান্সের জন্য পুরস্কৃত করা হয়। উভয় সভায় উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলার পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপ-পরিচালক জনাব খন্দকার সফিকুল ইসলাম এবং ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন বিভাগের সহকারী পরিচালক ডাঃ ফেরদৌসী সুলতানা। ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে চট্টগ্রামে আরেকটি সভা অনুষ্ঠিত হয়। কক্সবাজার, বান্দরবন এবং চট্টগ্রাম জেলার মোট ২৩৯ জন বিএসপি সভায় উপস্থিত ছিলেন যেখানে সাতজন দক্ষ এবং সেরা সেবাপ্রদানকারীকে বিশেষ স্বীকৃতি প্রদান করা হয়। সভায় আরও উপস্থিত ছিলেন এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভাগীয় পরিচালক জনাব হাবিবুর রহমান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবং জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচিতে অসামান্য অবদানের জন্য সেবাপ্রদানকারীদের প্রশংসা করেন।

## Experience Sharing and Performance Review Meeting of Blue Star Network

SMC organizes the 'Experience Sharing and Performance Review Meeting' with the Blue Star Providers (BSPs) in different areas around the year. The objectives of these meetings are to share best practices, progresses, lessons learned, recognize good performers and collate suggestions of BSPs to improve program performance in future. Two meetings were conducted in Kushtia on August 21-22, 2022 accommodating a total of 622 BSPs from Kushtia, Chuadanga, Meherpur, Faridpur, Rajbari, Jhenaidah and Magura districts. In the meeting, 20 BSPs were awarded for their outstanding performances. Mr. Khandaker Safiqul Islam, Deputy Director, Family Planning and Dr. Ferdousi Sultana, Assistant Director, Clinical Contraception, Kushtia were present in both the meetings. Another meeting was held on September 26, 2022 in Chattogram. A total of 239 providers from Cox's Bazar, Bandarban and Chattogram districts attended the meeting where seven BSPs received special recognition as best performers. Mr. Toslim Uddin Khan, Managing Director & CEO (Acting) and other senior officials of SMC were also present in this meeting. Mr. Habibur Rahman, Divisional Director, Family Planning attended the event and appreciated the providers for their contribution to the national health and family planning program.

## এসএমসি ইএল-এর উদ্যোগে মাসিক ব্যবস্থাপনা বিষয়ক সচেতনতা কর্মসূচি

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল) এরিয়া অফিসের মাধ্যমে সারাদেশে সচেতনতা বৃদ্ধি কার্যক্রমের অংশ হিসেবে নারী এবং কিশোরীদের ব্যক্তিগত স্বাস্থ্য, মাসিক ব্যবস্থাপনার গুরুত্ব এবং সাশ্রয়ী মূল্যে মানসম্মত স্বাস্থ্য সামগ্রীর চাহিদা বৃদ্ধিতে বিভিন্ন প্রচারনামূলক কার্যক্রম অব্যাহত রেখেছে।

ঢাকা ইস্ট এরিয়া অফিস গত ৩১ আগস্ট, ২০২২ তারিখে ঢাকার গেন্ডারিয়া উপজেলার মনিজা রহমান উচ্চ বিদ্যালয়ে একটি স্বাস্থ্য সচেতনতামূলক সেশন পরিচালনা করে। গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ডাঃ ফেরদৌসী রহমান বয়ঃসন্ধিকালীন সাস্থ্য এবং মাসিক ব্যবস্থাপনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে বিশদ আলোচনা করেন। এসএমসি ইএল-এর সেলস ম্যানেজার স্কুল ছাত্রীদের সামনে জয়া স্যানিটারি ন্যাপকিনের বৈশিষ্ট, উপকারিতা এবং সুবিধাসমূহ তুলে ধরেন। স্কুল কর্তৃপক্ষ শিক্ষার্থীদের জ্ঞান ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই ধরনের কর্মসূচি বাস্তবায়নের জন্য এসএমসি ইএলকে ধন্যবাদ জানান। অধিবেশন শেষে ৫৭৬ প্যাকেট জয়া স্যানিটারি ন্যাপকিন (জয়া উইংস) অংশগ্রহণকারী কিশোরীদের মাঝে বিতরণ করা হয়।

এসএমসি ইএল-এর রংপুর এরিয়া অফিস গত ৪ সেপ্টেম্বর, ২০২২ তারিখে রংপুরের পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রে ব্যক্তিগত স্বাস্থ্য ও মাসিক ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতা তৈরির লক্ষ্যে আলোচনা সভার আয়োজন করে। দুটি অধিবেশনে মোট ৪৮৯ জন মহিলা পুলিশ কনস্টেবল অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রংপুর মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ মুনিরা বেগম। তিনি ব্যক্তিগত স্বাস্থ্য ও মাসিক ব্যবস্থাপনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করেন এবং অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রের কমান্ড্যান্ট (ডেপুটি ইন্সপেক্টর জেনারেল) জনাব বাসুদেব বণিক উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবং এই ধরনের উদ্যোগ বাস্তবায়নের জন্য এসএমসি ইএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

গত ২০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে চট্টগ্রাম এরিয়া অফিস লোহাগোড়া উপজেলার আধুনাগর ইসলামিয়া কামিল মাদ্রাসায় ব্যক্তিগত স্বাস্থ্য ও মাসিক ব্যবস্থাপনার উপর একটি অধিবেশনের আয়োজন করে। উক্ত সভায় প্রধান বক্তা ছিলেন ডাঃ রাজিয়া সুলতানা আখি (স্ত্রীরোগ বিশেষজ্ঞ)। তিনি মহিলাদের ঋতুস্রাব এবং মাসিক স্বাস্থ্যবিধি অনুশীলন সম্পর্কে বিশদভাবে বর্ণনা করেন। তিনি জয়া স্যানিটারি ন্যাপকিনের বৈশিষ্ট্য, উপকারিতা এবং সুবিধাগুলো তুলে ধরেন এবং কীভাবে পণ্যটি মাসিককালীন সঠিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনায় সহায়ক ভূমিকা রাখে তা ব্যাখ্যা করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার জনাব নুরুল ইসলাম। অংশগ্রহণকারীদের মাঝে কুইজ প্রতিযোগিতার মধ্য দিয়ে অধিবেশনের সমাপ্তি ঘটে। অনুষ্ঠান শেষে, মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবু মুসা মোঃ খালেদ জামিল শিক্ষার্থীদের জন্য এই ধরণের একটি উপযোগী এবং সহায়ক সেশন পরিচালনার জন্য এসএমসি ইএল কর্তৃপক্ষকে কৃতজ্ঞতা জানান।






## Awareness Building on Menstrual Hygiene by SMC EL

SMC EL continues its awareness building efforts across the country highlighting the importance of personal health and menstrual hygiene management targeting the adolescent girls and young women and also promote hygiene products of SMC which are of good quality and affordable as well.

Dhaka East Area Office of SMC EL conducted a school activation program at Monija Rahman High School and College, Gendaria, Dhaka on August 31, 2022. Dr. Ferdousi Rahman, Consultant (Gynecology), discussed the pressing health issues of adolescent girls and the importance of menstrual hygiene management. Mr. Nasir Uddin, Sales Manager, SMC EL discussed the features, advantages and benefits of Joya Sanitary Napkin with female students. The school authority thanked SMC management for arranging such awareness building sessions for the female students. Later, 576 packs of Joya Sanitary Napkins (Joya Wings) were distributed amongst the participants.

On September 4, 2022, Rangpur Area Office of SMC EL organized two awareness building sessions on Personal Health and Hygiene at the Police Training Center, Rangpur attended by 489 female police constables in two batches. Dr. Munira Begum, Assistant Professor, Community Medicine Department, Rangpur Medical College, joined the program as the keynote speaker. She elaborated the importance of hygiene management and answered different queries of the participants. Mr. Basuedev Banik, Commandant (Deputy Inspector General), Police Training Center, Rangpur was present at the program and thanked SMC management for taking such a noble initiative.

On September 20, 2022, Chattogram Area Office organized a session on personal hygiene management at Adhunagor Islamia Kamil Madrasa, Lohagora, Chattogram. Dr. Razia Sultana Akhi (Gynecologist), the keynote speaker, elaborated issues related to menstruation and hygiene practices. She also highlighted the features and benefits of Joya Sanitary Napkin and how the product can help proper hygiene management for the females during their menstruation. Mr. Nurul Islam, Upazilla Education Officer was present in the program as the chief guest. The session was ended through a quiz competition amongst the participants. At the end of the program, Mr. Abu Musa Md. Khaled Jamil, Principal of the Madrasa appreciated the effort of SMC EL for organizing the session for the female students.

## এলএআরসি কাউন্সেলরদের সাথে প্রোগ্রাম পর্যালোচনা সভা



বিগত ৪ সেপ্টেম্বর, ২০২২ তারিখে দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি (এলএআরসি) সেবার সাথে জড়িত কাউন্সেলরদের নিয়ে এসএমসি'র প্রধান কার্যালয়ে প্রোগ্রাম পর্যালোচনা সভার আয়োজন করা হয়। সভায় কাউন্সেলরদের আন্তঃব্যাক্তিক যোগাযোগ (IPC) দক্ষতা বৃদ্ধি, কর্মদক্ষতা পর্যালোচনা এবং বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় সম্ভাব্য সমাধান চিহ্নিত করা ইত্যাদি বিষয়ে দৃষ্টি আরোপ করা হয়। মোট ৪০ জন কাউন্সেলর উক্ত অধিবেশনে অংশগ্রহণ করেন। এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের পরিচালক ডাঃ জহির উদ্দিন আহমেদ সভায় উপস্থিত ছিলেন এবং তিনি দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ে বিভিন্ন সামাজিক প্রেক্ষাপটগুলো তুলে ধরেন। জনাব আহমেদ পরিবার পরিকল্পনার ক্ষেত্রে তার দীর্ঘ অভিজ্ঞতা শেয়ার করতে কাউন্সেলিং এবং যোগাযোগ বিষয়ক একটি সেশন পরিচালনা করেন। এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান সভায় উপস্থিত ছিলেন এবং অংশগ্রহণকারীদের সাথে তার অভিমত ব্যক্ত করেন।

## Program Review Meeting of LARC Counselors

SMC organized program review meeting for the Long-acting Reversible Contraceptive (LARC) Counselors at SMC Head Office on September 4, 2022. The meeting focused to improve the interpersonal communication (IPC) skills of Counselors, review their performances and identify challenges with possible solutions. A total of 40 Counselors attended the session who are working across the country. Dr. Jahir Uddin Ahmed, Director, SMC Board graced the session and highlighted social aspects of LARC. Mr. Ahmed facilitated a session on counseling and communication issues as he has long experience in the field of family planning. Mr. Toslim Uddin Khan, MD & CEO, SMC also attended the event and shared his thoughts with the participants.

## প্রসূতি এবং স্ত্রীরোগ বিশেষজ্ঞদের সাথে বৈঠক

এসএমসি দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি (এলএআরসি) সেবা প্রদানে পিঙ্ক স্টার নেটওয়ার্কের অধীনে প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞদের সম্পৃক্ত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। বিগত ১৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখে এলএআরসি সেবাপ্রদানকারীদের সাথে অভিজ্ঞতা বিনিময় এবং কর্মদক্ষতা পর্যালোচনা সভা রংপুরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মোট ৩৫জন প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেন। বৈঠকে এলএআরসি'র অগ্রগতি পর্যালোচনা, সর্বোত্তম অনুশীলনের অভিজ্ঞতা বিনিময় এবং ভবিষ্যতে সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়। সভায় দক্ষ ও সেরা সেবাপ্রদানকারীদের স্বীকৃতি প্রদান করা হয় এবং প্যানেল আলোচনায় তারা তাদের মতামত ব্যক্ত করেন। রংপুর বিভাগের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিচালক জনাব দেওয়ান মোর্শেদ কামাল এবং রংপুর জেলার সিভিল সার্জন ডাঃ শামীম আহমেদ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে অবস্টেট্রিকাল অ্যান্ড গাইনোকোলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ (ওজিএসবি)-এর রংপুর শাখার সভাপতি প্রফেসর ডাঃ কামরুন নাহার, সাধারণ সম্পাদক প্রফেসর ডাঃ শাহী ফারজানা তাসমিন এবং সাবেক সভাপতি প্রফেসর ডাঃ আজিজুল ইসলাম উপস্থিত ছিলেন। ওজিএসবি'র নেতৃবৃন্দ মাতৃকালীন মৃত্যু এবং কম ওজনের শিশু জন্ম প্রতিরোধে মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমিন্টের (এমএমএস) এর উপকারিতা বিষয়ে আলোচনা করেন। এছাড়াও তারা গর্ভবতী মহিলাদের এমএমএস গ্রহণে উতসাহিত করতে উপস্থিত গাইনি বিশেষজ্ঞদের অনুরোধ করেন। এসএমসি'র ট্রেনিং এন্ড সার্ভিস ডেলিভারি বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক ডাঃ সালাহ উদ্দিন আহমেদ সভায় তার মূল্যবান বক্তব্য রাখেন।

## Meeting with Obstetricians and Gynecologists

SMC continues its effort to engage Obstetricians and Gynecologists (OBGYNs) to offer Long-acting Reversible Contraceptives (LARC) under the Pink Star Network. Experience sharing and performance review meeting with these providers was held in Rangpur on September 19, 2022. A total of 35 OBGYNs attended the event. The meeting reviewed LARC performances, shared best practices and discussed the way forward to improve the performance of the OBGYNs in future. Top performers were recognized in the meeting and they shared their views in the panel discussion. Among others, Mr. Dewan Morshed Kamal, Director, Family Planning, Rangpur Division and Dr. Shamim Ahmed, Civil Surgeon, Rangpur District joined the event. Professor Dr. Kamrun Nahar, President, Professor Dr. Shahi Farzana Tasmin, General Secretary, and Professor Dr. Azizul Islam, Past President of the Obstetrical and Gynecological Society of Bangladesh (OGSB), Rangpur Branch were present in the event. OGSB leaders highlighted the benefits of Multiple Micronutrient Supplement (MMS) and how it can be helpful for reducing maternal mortality and low-birth weight baby. They also encouraged the gynecologists to offer MMS for pregnant women. Dr. Salah Uddin Ahmed, Additional GM, Training and Service Delivery, SMC attended the meeting and spoke on the occasion.

## এসিটিবি প্রকল্পের ত্রৈমাসিক কর্মদক্ষতা পর্যালোচনা সভা



এসএমসি ইউএসএআইডি-এর আর্থিক সহযোগিতায় অ্যালায়েন্স ফর কমব্যাটিং টিবি ইন বাংলাদেশ (এসিটিবি) প্রকল্পের অধীনে ত্রৈমাসিক (মার্চ-জুন, ২০২২) কর্মদক্ষতা পর্যালোচনা সভার আয়োজন করে। অধিবেশনটি ২৫-২৬ জুলাই, ২০২২ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হয়। সভার শুরুতে, এসএমসি'র ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন এবং প্রকল্পের সম্ভাব্য উন্নতির ক্ষেত্রসমূহ এবং বিভিন্ন বিভাগের মধ্যকার সমন্বয় জোরদার করার বিষয়ে আলোকপাত করেন। এসএমসি'র তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আলী রেজা খান, ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি'র প্রোগ্রাম অপারেশনস বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক জনাব মোঃ মশিউর রহমান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জনাব আলী রেজা খান তার বক্তব্যে দেশের সামগ্রিক যক্ষা অবস্থার উন্নয়নে এসিটিবি প্রকল্পের গুরুত্ব ও প্রয়োজনীয়তা এবং প্রভাব তুলে ধরেন। জনাব তছলিম উদ্দিন খান তথ্যের যথার্থতা, গুণগতমান এবং বৈধতা নিশ্চিতকরণে এসিটিবি প্রকল্পের আওতাধীন কর্মীদের অতিশয় প্রশংসা করেন। তিনি নির্ভরযোগ্য ও সঠিক তথ্যসহ সর্বোচ্চ ফলাফল পেতে মাঠ পর্যায়ের কর্মকান্ডের ওপর নজরদারি ও তত্বাবধানের পরামর্শ দেন।

## Quarterly Performance Review Meeting of ACTB

SMC organized quarterly performance review meeting under USAID's Alliance for Combating TB in Bangladesh (ACTB) project for the period of April – June, 2022. The event was held on July 25-26, 2022 in Dhaka. In the beginning of the event, the senior officials of SMC attended and discussed on the possible improvement areas and opportunities to strengthen coordination within and between different departments. Mr. Ali Reza Khan, the then MD & CEO, Mr. Toslim Uddin Khan, MD & CEO and Mr. Md. Moshiur Rahman, Additional General Manager, Program Operations of SMC were present in the event. Mr. Ali Reza Khan, in his speech, highlighted the importance of the ACTB project and its implication to the nation as a whole. Mr. Toslim Uddin Khan highly appreciated ACTB team for their accomplishments. He also suggested for strong monitoring and supervision of field activities to get the maximum results with reliable data.

## এসএমসি ক্লিনিকে শিশু কর্নার উদ্বোধন

এসএমসি এবং এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম বিগত ১৪ নভেম্বর, ২০২২ তারিখে এসএমসি ক্লিনিকে 'রংধনু শিশু কর্নার'-এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এসএমসি ও এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোহাম্মদ আলী এবং এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান। শিশু কর্নারটি প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য হলো ক্লিনিকে একটি শিশুবান্ধব পরিবেশ তৈরি করে বিনোদনমূলক সুবিধাসহ স্বাস্থ্যসেবা প্রদান করা। এসএমসি'র প্রধান প্রকৌশলী জনাব মাসুম আহমেদ জায়গিরদার ক্লিনিকে আগত গণ্যমান্য ব্যক্তিবর্গ ও অতিথিদের সামনে এসএমসি টাওয়ার-২ এর বৈশিষ্ট্য উপস্থাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে ক্লিনিকটি রঙিন বেলুন, ড্যাংলার ও ব্যানার দিয়ে সুসজ্জিত করা হয়। ক্লিনিকে আগত সকল গ্রাহককে 'টেস্ট মি' (রিফ্রেশিং ড্রিঙ্ক) দিয়ে স্বাগত জানানো হয় এবং শিশুদের মধ্যে সুপার কিড চকলেট বিতরণ করা হয়। বিশেষ ক্যাম্পেইনের অংশ হিসেবে ওই দিনে মোট ১০৮ জন শিশুকে বিনামূল্যে চিকিৎসাসেবা (পুষ্টি ও শারীরিক বৃদ্ধি পর্যবেক্ষণ) প্রদান করা হয়। আনন্দময় পরিবেশ পেয়ে শিশুরা খুবই উচ্ছসিত হয়ে শিশু কর্নারে খেলাধুলা করে।



## Inauguration of Children Corner at SMC Clinic

Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC and SMC EL inaugurated the Children Corner named as 'Rongdhonu Shishu Corner' at the SMC Clinic on November 14, 2022. Among others, Mr. Muhammed Ali, Director of the Board of SMC and SMC EL and Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC were present during the program. The main objective of establishing an exclusive corner for children is to create a child friendly environment at the clinic to offer services with recreational facilities. Mr. Masum Ahmed Jaigirdar, Chief Engineer, SMS demonstrated the features of SMC Tower-2 to the vising dignitaries and guests. The clinic was decorated with colorful balloons, danglers and banners on the occasion. All the clients were welcomed with TasteMe (refreshing drink) alongside Super Kid chocolates were distributed among the children. The clinic provided free consultation services (nutrition and growth monitoring) to a total of 108 children on that day as a part of the special campaign. Children became very happy and played in the corner.

## যক্ষ্মা বিষয়ে মৌলিক প্রশিক্ষণ

বাংলাদেশ বিশ্বের সপ্তম সর্বোচ্চ যক্ষ্মা (টিবি) বহনকারী দেশ। সামাজিক উদ্যোগের অংশ হিসেবে এই রোগের বিরুদ্ধে লড়াইয়ে এসএমসি যক্ষ্মাকে তার প্রোগ্রামের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে অন্তর্ভুক্ত করেছে। ইউএসএআইডি'র আওতাধীন অ্যালায়েন্স ফর কমব্যাটিং টিবি ইন বাংলাদেশ (ACTB) প্রকল্পের লক্ষ্য হলো বেসরকারি সেবাপ্রদানকারীদের অংশগ্রহণের পাশাপাশি গোল্ড স্টার সদস্যদের সম্পৃক্ত করার মাধ্যমে যক্ষ্মারোগী শনাক্তের পরিমান বাড়ানো এবং রেফারেল সেবাসমূহের ফলো-আপ ব্যবস্থা নিশ্চিত করা। এসিটিবি দলটি যক্ষ্মাকে কেন্দ্র করে স্টার নেটওয়ার্ক সেবাপ্রদানকারীদের জন্য প্রকল্পের আওতাধীন জেলাগুলোতে মৌলিক প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণ সেশনগুলো নির্বাচিত স্টার নেটওয়ার্ক সেবাপ্রদানকারীগণের অংশগ্রহণে সংশ্লিষ্ট সেলস ম্যানেজারদের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়। প্রশিক্ষণ মডিউলটিতে যক্ষ্মার প্রাথমিক তথ্য, উপসর্গ, রেফারেল প্রক্রিয়া, সন্দেহজনক যক্ষ্মা রোগীকে চিকিৎসাকেন্দ্রে প্রেরণ করা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত ছিল।

এসএমসি গত তিনমাসে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) ৪৫টি ব্যাচে মোট ৮২৪ জন সেবাপ্রদানকারীকে মৌলিক প্রশিক্ষণ প্রদান করে। এসএমসি গত ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) ৪৫টি ব্যাচে মোট ৮২৪ জন সেবাপ্রদানকারীকে মৌলিক প্রশিক্ষণ প্রদান করে। তাদের মধ্যে ৫৪৯ জন ব্লু-স্টার সেবাপ্রদানকারী, ১৪১ জন গ্রীন স্টার সেবাপ্রদানকারী এবং ১৩৪ জন গোল্ড স্টার সদস্য ছিলেন।



## Basic Training on TB

Bangladesh is the 7th highest Tuberculosis (TB) burden countries in the world. SMC recognizes TB as one of the important components of its program activities. Under the USAID's Alliance for Combating TB in Bangladesh (ACTB), SMC is screening presumptive cases and developed a mechanism to follow-up referral cases for treatment compliance through engaging providers of its different networks. ACTB team of SMC organizes the basic training for the Star Network Providers in the intervention districts focusing on TB. The training sessions are conducted under the direct supervision of the concerned Sales Managers attended by the selected Star network providers. The module of the training includes basic information of TB, symptoms, how to refer, where to refer the presumptive TB cases etc.

SMC conducted 45 batches basic training with 824 providers during the last quarter (July-September, 2022). Of them, 549 were Blue Star Providers, 141 were Green Star Providers and 134 were Gold Star Members.

**Chief Editor:** Toslim Uddin Khan; **Published by:** Corporate Affairs Department; **Acknowledgements:** All departments of SMC for providing information; **Address:** SMC Tower, 33 Banani C/A, Road - 17, Dhaka - 1213, Bangladesh.
**Telephone:** +88 02 22225073-80, +88 02 222275085-92, **Website:** www.smc-bd.org